

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা আগামী ৩১ মে

নিজস্ব প্রতিবেদক

১২ মে ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদেরসময়



জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আবারও পেছানো হয়েছে। ৩ মে ভর্তি পরীক্ষা গ্রহণ করার কথা ছিল। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৩১ মে। এদিন বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। তবে ভর্তি পরীক্ষাসংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

বিশ্ববিদ্যালয় সুত্র জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি অনলাইনে প্রাথমিক আবেদন শেষ হয় গত ২৫ এপ্রিল। ৩ মে ভর্তি পরীক্ষা গ্রহণ করার কথা ছিল। তাতে পরিবর্তন এনে ৩১ মে পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে জানায় কর্তৃপক্ষ।